THE NEW YORK CITY DEPARTMENT OF EDUCATION
# Stuyvesant High School
345 Chambers Street, New York, NY 10282-1099
Telephone: (212) 312-4800 Facsimile: (212) 587-3874

স্প্রিং (বসন্ত) 2023

## বায়োলজি অ্যান্ড জিও-সায়েন্সেজ ডিপার্টমেন্ট

ডিপার্টমেন্ট অভ বায়োলজি এন্ড জিও-সায়েন্স (জীববিজ্ঞান ও ভূ-বিজ্ঞান) আপনার স্টাইভেস্যান্ট হাই স্কুলের বিজ্ঞানের অভিজ্ঞতা আরো সমৃদ্ধ করার লক্ষ্যে নিম্নলিখিত শিক্ষাগত সুযোগগুলো দিতে পেরে আনন্দিত। নবাগত 9 গ্রেডারদের নিম্নলিখিত তিনটি কোর্স অফার করা হচ্ছে:

- AP বায়োলজি,
- AP এনভায়রনমেন্টাল সায়েন্স, অথবা
- অনার্স মডার্ন বায়োলজি

অধিকাংশ শিক্ষার্থী গ্রেড 9-এ অনার্স মডার্ন বায়োলজি কোর্স গ্রহণ করেন, এটি একটি অত্যন্ত বিশদ অ্যাডভান্সড্ বায়োলজি (উচ্চতর জীববিজ্ঞান) সার্ভে কোর্স। অনার্স মডার্ন বায়োলজি শিক্ষার্থীদেরকে স্টাইভেসান্ট-এর উচ্চতর ক্লাসের জন্য যেসব নৈর্বাচনিক বিজ্ঞান রয়েছে, সেগুলোর জন্য প্রস্তুত করবে। এটা সম্পূরক সহায়তাযুক্ত ল্যাবরেটরি কর্মকাণ্ডসহ লিভিং অর্গ্যানিজম, বেসিক কেমিস্ট্রি, বায়োকেমিস্ট্রি, কেমিকেল লাইফ প্রসেস, অর্গ্যানিসমাল অ্যানাটমি অ্যান্ড সাইকোলজি, জেনেটিক্স, এভোল্যুশন অ্যান্ড ইকোলজি ইত্যাদি অধ্যয়নকে অন্তর্ভুক্ত করে।

অ্যাডভান্সড্ প্লেসমেন্ট কোর্স (AP)-এর যোগ্যতার ভিত্তি হবে সামার-এ (গ্রীষ্মে) ভার্চুয়ালভাবে গৃহীত স্টাইভেসান্ট প্লেসমেন্ট এক্সাম-এ প্রাপ্ত স্কোর এবং, যদি প্রযোজ্য হয়, গ্রেড 7/8-এ আপনার সন্তান লিভিং এনভায়রনমেন্ট রিজেন্টস্ এক্সামিনেশন-এ অংশগ্রহণ করে থাকলে তাতে আপনার সন্তানের প্রাপ্ত স্কোর। গ্রেড 9-এ কোনো AP কোর্সের জন্য বিবেচিত হতে রিজেন্টস্ পরীক্ষা আবশ্যিক নয়।

শিক্ষার্থীদের AP বায়োলজি এবং AP এনভায়রনমেন্টাল সায়েন্সের জন্য নির্বাচিত করা হবে স্টাইভেস্টান্ট হাই স্কুলের সায়েন্স প্লেসমেন্ট এক্সাম এবং প্রযোজ্য হলে, এনভায়রনমেন্টে রিজেন্টস পরীক্ষায় অর্জিত ফলাফলের ভিত্তিতে। শিক্ষার্থীদের আসনদান আসন ও শিক্ষক লভ্যতার উপরও নির্ভরশীল।

শিক্ষার্থীদের অবশ্যই AP বায়োলজি কোর্স কিংবা AP এনভায়রনমেন্টাল কোর্স-এ বিবেচিত হওয়ার জন্য টালোস্ (Talos) ইনকামিং পোর্টাল-এ প্যারেন্ট অ্যাকাউন্টে, ইনকামিং সায়েন্স ফর্ম ফর বায়োলজিতে তাদের আগ্রহ প্রকাশ করতে হবে। টালোস্-এ আপনার দেওয়া অগ্রাধিকারের ভিত্তিতে প্লেসমেন্ট এক্সাম-এর নিয়মাবলী পরবর্তী তারিখে জানানো হবে। অ্যাডভান্সড প্লেসমেন্ট কোর্সসমূহ হলো কলেজ স্তরের কোর্স; পাঠ্যক্রম ও মূল্যায়নের শর্তাবলীর রূপরেখা প্রদান করে কলেজ বোর্ড এবং সেটা পাওয়া যাবে তাদের ওয়েবসাইট-এ।

আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে আমাদের স্কুলের ওয়েবসাইট: www.stuy.edu দেখুন।

*মিমি প্রাভু (Mimi Prabhu)/অ্যাসিসট্যান্ট প্রিন্সিপ্যাল, বায়োলজি, কম্পিউটার সায়েন্স এবং স্পেশাল এডুকেশন*
*mprabhu@schools.nyc.gov*

THE NEW YORK CITY DEPARTMENT OF EDUCATION
Stuyvesant High School
345 Chambers Street, New York, NY 10282-1099
Telephone: (212) 312-4800 Facsimile: (212) 587-3874

## ওয়ার্ল্ড ল্যাঙ্গুয়েজেস ডিপার্টমেন্ট

নবাগত ফ্রেশম্যানদের দ্বিতীয় ভাষা বেছে নেয়ার ক্ষেত্রে দুটি বিকল্প আছে:

1. একটি নতুন ভাষা শিখুন (ম্যান্ডারিন, ফ্রেঞ্চ, জার্মান, জাপানি, ল্যাটিন, অথবা স্প্যানিশ)

   -অথবা-

2. মিডল স্কুলে যে ভাষা শিখছিলেন সেটা শেখা অব্যাহত রাখুন। (ম্যান্ডারিন, ফ্রেঞ্চ, জার্মান, জাপানিজ ল্যাটিন, অথবা স্প্যানিশ)

***অনুগ্রহ করে সতর্কতার সাথে পড়ুন এবং আপনার সন্তানের সিদ্ধান্ত গ্রহণে নিম্নলিখিত তথ্যগুলো ব্যবহার করুন।***

1. স্টাইভেসান্টে পড়তে চাওয়া কোনো একটি বিশেষ ভাষার পছন্দের ভিত্তিতে হওয়া উচিত নয়; কোনো সুনির্দিষ্ট ভাষা স্থানলাভের নিশ্চয়তা কোনো শিক্ষার্থীকে দেয়া হবে না।
2. শিক্ষার্থীদেরকে একই ভাষা তিন (3) বছর আমাদের স্কুলে বাধ্যতামূলকভাবে শিখতে হবে এবং ঐ ভাষায় LOTE (ল্যাঙ্গুয়েজ আদার দেন ইংলিশ) পরীক্ষা দিতে হবে।
3. শিক্ষার্থীরা তাদের বায়োগ্রাফিকাল শিট-এ ভাষা বাছাইয়ের তালিকায় তিনটি (3) ভাষা তালিকাভুক্ত করবে। প্রোগ্রাম অফিস লটারির মাধ্যমে ঐ তিনটি ভাষার একটিতে তাদেরকে স্থলাভিষিক্ত করবে। যদি বায়োগ্রাফিকাল শিটে তিনটি ভাষা উল্লিখিত না থাকে, তবে তারা তাদের পছন্দ ছেড়ে দিচ্ছে এবং তাদেরকে উদ্দেশ্যহীনভাবে স্থলাভিষিক্ত করা হবে।
4. শিক্ষার্থীদের একই ভাষায় তিন (3) বছর বাধ্যতামূলকভাবে পড়ার অঙ্গীকার করতে হবে। উদাহরণস্বরূপ, যদি শিক্ষার্থী ফ্রেঞ্চ 1 নিয়ে পড়া শুরু করে, তবে সে (3) তিন বছর ধারাবাহিকভাবে ফ্রেঞ্চ ভাষায় পড়া শেষ করবে বলে প্রত্যাশিত। যদি শিক্ষার্থী কোনও ভাষায় পড়া অব্যাহত রাখছে, লেভেল 2 পাঠরত শিক্ষার্থী এই ভাষায় তিন বছর পড়া চালিয়ে যাবে, যা AP অথবা অন্য একটি লেভেল IV কোর্স বাধ্যতামূলক করবে।
5. আসন লাভ নির্ভর করবে আসন খালি থাকার উপর, মিডল স্কুলে দক্ষতা পরীক্ষার ফলাফল সহ কোর্সগুলোতে কেমন করেছে সেটার উপর, অনুরোধ সাপেক্ষে ক্যাম্প স্টাই-এ প্রদত্ত WL মূল্যায়ন, এবং প্রোগ্রামিংয়ের শর্তাবলীর উপর।
6. নবাগত শিক্ষার্থী যারা মিডল্ স্কুলে একটি ভাষা শিক্ষা অব্যাহত রাখতে আগ্রহী, তারা যদি লেভেল 2 কোর্স অব্যাহত রাখতে আগ্রহী হয়, তাহলে স্কুল শুরু করার আগে ওয়ার্ল্ড ল্যাঙ্গুয়েজ এডুকেটর (বিশ্ব-ভাষা শিক্ষক) দ্বারা একটি মূল্যায়ন অনুরোধ করতে পারে। শিক্ষার্থীরা শুধুমাত্র তখনই এই মূল্যায়ন অনুরোধ করা উচিৎ যদি তারা ঐ ভাষায় দুই বছর আনুষ্ঠানিক শিক্ষা গ্রহণ করে থাকে এবং প্রমাণ করতে পারে। অতিরিক্তভাবে, শিক্ষার্থীদের শুধুমাত্র তখনই এই মূল্যায়ন অনুরোধ করা উচিৎ দি তারা ঐ ভাষায় কোনও সহায়তা ছাড়া সংযুক্ত স্ব-মূল্যায়নে উৎকর্ষ লাভ করবে। শিক্ষার্থীরা চাইলে শুধু একটি ভাষা লেভেল 2 কোর্সে আসনলাভের জন্য অনুরোধ করতে পারেন।
7. যেসব শিক্ষার্থী লেভেল 2 কোর্সে আসনলাভের জন্য অনুরোধ করবেন, তাদেরকে তাদের আগ্রহের ভাষায় এখানে লিংকযুক্ত থাযথ একটি আত্ম-মূল্যায়ণ সম্পন্ন করতে হবে।
8. স্টাইভেসান্টের ভাষার (ল্যাঙ্গুয়েজ) ক্লাসগুলো হচ্ছে *দ্বিতীয়* ভাষার ক্লাস, *ঐতিহ্যবাহী* (হেরিটেজ) ভাষার ক্লাস নয়। ঐতিহ্যবাহী (হেরিটেজ) ভাষার শিক্ষার্থী হচ্ছে তারা, যারা অন্য একটি ভাষাভাষী দেশে জন্মগ্রহণ করেছে অথবা বাড়িতে অন্য একটি ভাষায় কথা বলে। স্টাইভেসান্টের LOTE আবশ্যিকতার শর্ত পূরণের জন্য এই ধরণের শিক্ষার্থীদেরকে তাদের বাড়ির ভাষা শিক্ষা অব্যাহত রাখতে নিরুৎসাহিত করা হয়। তাদের নতুন একটি ভাষা শেখার জন্য দৃঢ়ভাবে উৎসাহিত করা হয়।

***ফ্রান্সেসকা ম্যাকঅলিফ (Francesca McAuliffe)/অ্যাসিসট্যান্ট প্রিন্সিপ্যাল, ওয়ার্ল্ড ল্যাঙ্গুয়েজেস অ্যান্ড মিউজিক***
*fmcauliffe@stuy.edu*

THE NEW YORK CITY DEPARTMENT OF EDUCATION
Stuyvesant High School
345 Chambers Street, New York, NY 10282-1099
Telephone: (212) 312-4800 Facsimile: (212) 587-3874

**ম্যাথমেটিক্স ডিপার্টমেন্ট**

1904 সাল থেকে স্টাইভেসান্ট হাই স্কুল নিউ ইয়র্ক সিটির সেরা পাবলিক স্কুলগুলোর প্রতিনিধিত্ব করছে, আমাদের সিটির শুধু নয়-সারা বিশ্বের সেরা শিক্ষার্থীদের শিক্ষাদান করছে, প্রতিযোগিতার মুখোমুখী করছে এবং গড়ে তুলছে। —যা প্রদান করতে পারে। আপনাদের সবাইকে অভিনন্দন জানাচ্ছি এ পর্যন্ত আপনারা যা অর্জন করেছেন, তার জন্য এবং আপনাদের অনাগত অসংখ্য সাফল্যের জন্য একটি ভূমিকা পালন করার জন্য আমরা উদ্দীপ্ত।

আমি জানি যে আগামী বছরের ম্যাথ প্লেসমেন্ট সম্পর্কে আপনার অনেক প্রশ্ন রয়েছে। প্রায় 170টি ভিন্ন ভিন্ন মিডল্ স্কুল থেকে আগত শিক্ষার্থীরা সেপ্টেম্বরে স্টাই-তে তাদের যাত্রা শুরু করবে; তার অর্থ হলো, শত শত ভিন্ন ভিন্ন গণিত শিক্ষক, গণিতে শত শত ভিন্ন ভিন্ন প্রেক্ষাপট ও অভিজ্ঞতা। এটা স্বাভাবিকভাবেই প্রতিটি শিক্ষার্থীর জন্য স্বতন্ত্রভাবে আসনদান চ্যালেঞ্জপূর্ণ করে। ক্যাম্প স্টাই (Camp Stuy)-এ থাকাকালীন সময়, কোন্ কোর্সটি আপনার জন্য সবচেয়ে ভাল হবে তা নির্ধারণের জন্য আপনি একটি ম্যাথ প্লেসমেন্ট পরীক্ষা দেবেন। এছাড়াও অনার্স এবং ম্যাথ টিম কোর্সগুলোর জন্য আসনদান নিশ্চিত করতে এই পরীক্ষার একটি অংশ ব্যবহার করা হবে। অতিরিক্তভাবে, শিক্ষার্থীরা যেসব কোর্সসমূহ এবং/অথবা রিজেন্টস্ পরীক্ষা মিডল্ স্কুলে গ্রহণ করেছে আমরা সেগুলোও বিবেচনা করবো। এই বিষয়টিতে আপনাদের সহায়তা আমাদের প্রয়োজন! টালোস (Talos)-এর নবাগতদের প্যারেন্ট পোর্টালে একটি ম্যাথ সার্ভে (জরিপ) ফর্ম অন্তর্ভুক্ত আছে। আমরা যাতে আপনার জন্য ম্যাথ ক্লাসের প্লেসমেন্ট (স্থান-নির্ধারণ) প্রক্রিয়াটি শুরু করতে পারি, সেজন্য আপনার ও পিতামাতা/অভিভাবকের জন্য এ জরিপটি যত তাড়াতাড়ি ও যত নির্ভুলভাবে সম্ভব পূরণ করা ***আবশ্যক।*** এছাড়াও আপনাকে বলা হবে আপনার গ্রেড ৪-এর চূড়ান্ত রিপোর্ট কার্ডের কপি জমা দেওয়ার জন্য—**অনুগ্রহ করে** আপনি সেটি পাওয়ার সাথে সাথে আমাদের কাছে জমা দেবেন। পোর্টালের অন্যান্য জরিপগুলোতে যে "আপনার প্রাপ্ত সর্বশেষ রিপোর্ট কার্ড" অনুরোধ করা হয়েছে, এটা তার বাহিরে অতিরিক্তভাবে। এসব কাগজপত্ ছাড়া, আপনার ম্যাথ প্লেসমেন্টের ব্যাপারে সেরা সিদ্ধান্ত গ্রহণ অত্যন্ত কষ্টসাধ্য হবে। অনুগ্রহ করে স্কুলের বাইরে নেওয়া কোর্সসমূহ প্লেসমেন্ট-এর ক্ষেত্রে বিবেচনা করা হবে না।

জরিপের ফলাফল পাওয়ার পর আমি সেপ্টেম্বরে ম্যাথ ক্লাসে প্রস্তুত করার জন্য একটি সামার অ্যাসাইনমেন্ট ইমেইলে পাঠাবো। (আপনার যদি বর্তমানে গ্রেড ৪-এর ম্যাথ বা অ্যালজাব্রা থেকে থাকে, তাহলে উদাহরণস্বরূপ অ্যাসাইনমেন্টটি হবে অ্যালজেব্রার গুরুত্বপূর্ণ ধারণা বিষয়ক।) এসব অ্যাসাইনমেন্ট দেওয়ার অর্থ হলো আপনি যেসব বিষয় ইতোমধ্যে শিখেছেন, সেগুলো ***পর্যালোচনা*** করা, তবে আমরা পরিপূরক উপকরণও আপনাকে দেবো যাতে আপনার বাড়তি সহায়তার দরকার হলে ব্যবহার করতে পারেন। আপনার গ্রেড ৪-এর রিপোর্ট কার্ডের ঠিক অনুরূপ গুরুত্বপূর্ণ হলো নির্ধারিত তারিখে এই অ্যাসাইনমেন্টটি সম্পন্ন করা যাতে আপনার ম্যাথ শিক্ষক জানতে পারেন যে সেপ্টেম্বরে আপনাকে কীভাবে সেরা সহায়তা দিতে হবে।

আপনার কোনো প্রশ্ন ও উদ্বেগ থাকলে আমাকে ইমেইল করতে দ্বিধা করবেন না, এবং ম্যাথ ডিপার্টমেন্ট সম্পর্কে অতিরিক্ত প্রশ্ন থাকলে, নিচের QR কোডটি স্ক্যান করুন। আগামী বছর আপনার সাথে মিলিত হবার প্রত্যাশায় আছি।

***এরিকয়স্মিথয়(Ericয়Smith)/য়অ্যাসিসট্যান্টয়প্রিন্সিপ্যাল,য়ম্যাথমেটিক্স***
[ESmith42@schools.nyc.gov](mailto:ESmith42@schools.nyc.gov)

THE NEW YORK CITY DEPARTMENT OF EDUCATION
Stuyvesant High School
345 Chambers Street, New York, NY 10282-1099
Telephone: (212) 312-4800 Facsimile: (212) 587-3874

স্টাইভেসেন্ট ম্যাথ টিম নিউ ইয়র্ক সিটির সর্ববৃহৎ হাই স্কুল ম্যাথ টিম য়েটায় প্রায় 200 জনের অধিক শিক্ষার্থী রয়েছে।য়অন্য অনেক স্কুল থেকে ভিন্নভাবে, ম্যাথ টিম শুধু স্টাইভেসেন্টের একটি ক্লাব নয়, বরং এর জন্য পূর্ণ এক পিরিয়ডের ক্লাস রয়েছে য়া প্রতিদিন প্রথম (1st) পিরিয়ডে অনুষ্ঠিত হয়।য়এই ক্লাসে পাস/ফেল (উত্তীর্ণ/অনূত্তীর্ণ) গ্রেড দেয়া হয়, কিন্তু ক্লাসের শিক্ষার্থী ক্রেডিট অর্জন করেন।য়স্টাইভেসেন্টে ম্যাথ টিমের অনেক শিক্ষার্থী পুরো চার বছর ব্যাপী ম্যাথ টিম ক্লাস নেন য়া তাদেরকে সমস্যা সমাধানের কৌশল চর্চার সুয়োগ দেয়, তারা নতুন বিষয় শেখে, টিমওয়ার্ক করে, এবং বহুবিধ প্রতিয়োগিতায় অংশ নেয় য়া হয়ে থাকে ক্লাসের সময়ে।য়ক্লাসের অতিরিক্ত হলো, প্রতি বুধবার ফ্রেশম্যান ও সোফোমরদের জন্য (জুনিয়র ও সিনিয়ররা মিলিত হন প্রতি শুক্রবার) স্কুল ছুটির পর সাপ্তাহিক অনুশীলনী থাকে।

**ম্যাথয়টিম বাছাই**

প্রতিয়বছর,য়300-400য়নবাগতয়ফ্রেশমেনয়ম্যাথয়টিমেরয়জন্যয়সাইনয়আপয়করেয়কিন্তুয়আমাদেরয়মাত্রয়দুইটিয়ফ্রেশম্যানয়কোর্সয়রয়েছে,য়য়েয় কারণেয়সর্বোচ্চয়64টিয়আসনয়রয়েছেয়য়ায়আমরায়পূরণয়করতেয়পারি।য়আমরায়য়াতেয়য়োগায়োগয়করতেয়ওয়অতীতেরয়তথ্যয়জানতেয়পারি,য় সেজন্য়অংশগ্রহণেয়আগ্রহীয়সকলয়শিক্ষার্থীকেয়নিচেয়লিংকয়দেওয়ায়ফর্ময়পূরণয়করতেয়হবে:
https://forms.gle/Kk8dLTf3bpxXMgLUA

**ফলয়(হেমন্ত)য়2023য়বাছাই**

ফলয়(হেমন্ত)য়সেমিস্টার-এর প্রথময়পর্বেরয়বাছাইয়করায়হবেয়প্লেসেমেন্ট এক্সাম-এরয়ফলাফলেরয়ভিত্তিতে,য়য়ায়গ্রহণয়করায়হবেয়4য়জুন-এয় স্টাইভেসান্ট-এরয়ক্যাম্পয়স্টাইয়চলাকালে।য়সকলয়নবাগতয়শিক্ষার্থীয়প্লেসমেন্ট পরীক্ষায়দেন।
য়প্রথম পর্বেরয়বাছাইয়েরয়পর নির্বাচিতয়শিক্ষার্থীদেরকেয়পরবর্তীয়রাউন্ডেরয়বাছাইয়েরয়ব্যাপারেয়য়োগায়োগয়করায়হবে,য়য়ারয়আনুমানিকয় সময়সূচিয়হলোয়17য়জুন।য়য়েসবয়শিক্ষার্থীয়নির্বাচিতয়হবে,য়তারাওয়প্রতিয়মঙ্গলবারয়স্কুলয়ছুটিয়পরবর্তীয়অনুশীলনীতেয়য়োগদানয়করতেয় পারবে।য়আপনিয়য়দিয়17য়জুনয়য়োগায়োগয়করতেয়নায়পারেন,য়অনুগ্রহয়করেয়মিয়স্টারয়(Mr.য়Sterr.)-এরয়সাথেয়য়োগায়োগয়করবেন।

**স্প্রিং (বসন্ত)য়2024য়বাছাই**

য়দি কোনোয়শিক্ষার্থীয়ফলয়(হেমন্ত)-এয়বাছাইয়হতেয়নায়পারে,য়তাহলেয়আমরায়স্প্রিং (বসন্ত) সেমেস্টারেরয়জন্যয়ফলয়(হেমন্ত)-এয় আরেকবার চেষ্টায়করবোয়য়ায়তাদেরয়টিম-এয়অংশগ্রহণেরয়আরেকটিয়সুয়োগয়দেবে।

স্টাইভেসান্টয়ম্যাথয়টিম সম্পর্কেয়আরওয়তথ্যয়পাওয়ায়য়াবেয়আমাদেরয়এইয়ওয়েবপেজ-এ: mathteam.stuy.edu.
***ব্রায়ানয়স্টারয়(Brianয়Sterr)/হেডয়ম্যাথয়টিময়কোচ***
sterr@stuy.edu

THE NEW YORK CITY DEPARTMENT OF EDUCATION
Stuyvesant High School
345 Chambers Street, New York, NY 10282-1099
Telephone: (212) 312-4800 Facsimile: (212) 587-3874

## সোশ্যাল স্টাডিজ ডিপার্টমেন্ট

নবম গ্রেডের সব শিক্ষার্থী হয় একটি বাৎসরিক গ্লোবাল স্টাডিজ কোর্স, না হয় AP হিউম্যান জিওগ্র্যাফিতে ভর্তি হবে।

**গ্লোবাল স্টাডিজ I এবং II:**
এই কোর্সটি বিশ্ব ইতিহাসের সময়ানুক্রমিক পাঠ। এই কোর্স প্রাচীন বিশ্ব থেকে 1770 C.E. পর্যন্ত প্রচলিত প্রথাগত বিশ্বাস, রাজনৈতিক সংগঠন, সংস্কৃতি, এবং আরও অনেক কিছুর উৎপত্তি নিয়ে সম্পর্কে গবেষণা করবে।

**অ্যাডভান্সড্ প্লেসমেন্ট হিউম্যান জিওগ্র্যাফি:**
এই কোর্স সেসব শিক্ষার্থীর জন্য মানানসই হবে যারা ইতোমধ্যে গ্রেড ৪-এ গ্লোবাল স্টাডিজ কোর্স করেছে। অবশিষ্ট আসনে লটারির মাধ্যমে শিক্ষার্থী বাছাই করা হবে। এই কোর্স-এ মানুষের সাথে তাদের চারিপাশের বিশ্বের ক্রিয়া-প্রতিক্রিয়া পাঠ হয়। যেসব বিষয়ে পাঠ হয়েছে: জিওগ্র্যাফি (ভূগোল), জনসংখ্যার ধরন, স্থানান্তর, সংস্কৃতি ও সাংস্কৃতিক পরিবর্তন, ভাষা ও বিশ্বের ধর্মসমূহ, রাজনৈতিক মানচিত্র, কৃষি, শিল্প, নগরায়ন ও বিশ্বায়ন।

**সোশ্যাল স্টাডিজে নবাগত সফমোর শিক্ষার্থীদের জন্য কোর্স বাছাইয়ের সুযোগসমূহ:**

**গ্লোবাল স্টাডিজ III এবং IV:**
এই কোর্সটি প্রস্তুত করা হয়েছে অষ্টাদশ (18) শতাব্দী থেকে শুরু করে আধুনিক কাল পর্যন্ত বিশ্ব ইতিহাসের সাথে শিক্ষার্থীদেরকে পরিচিত করানোর লক্ষ্যে। এই কোর্সটি শেষ হবে গ্লোবাল স্টাডিজ রিজেন্টস্ পরীক্ষা দিয়ে।

**অ্যাডভান্সড প্লেসমেন্ট ইউরোপিয়ান হিস্টরি:**
AP ইউরোপিয়ান হিস্টরি (ইউরোপের ইতিহাস) কোর্সটি একটি কলেজ পর্যায়ের প্রারম্ভিক ইউরোপিয়ান হিস্টরি কোর্সের সমতুল্য। AP সিলেবাস শুরু হবে রেনেসাঁ থেকে এবং থাকবে বর্তমান পর্যন্ত পুরো ইউরোপের ইতিহাস। কিন্তু, যেহেতু শিক্ষার্থীদের গ্লোবাল হিস্টরিতে রিজেন্টস পরীক্ষার জন্যেও অবশ্যই প্রস্তুত হতে হবে, সেহেতু এই কোর্সটি ওয়েস্টার্ন বহির্ভূত ইতিহাসও বর্তমান কাল পর্যন্ত পড়াবে, তবে উভয় AP ওয়ার্ল্ড হিস্টরি অভ গ্লোবাল স্টাডিজ থেকে কম গভীর পর্যায়ের।

**অ্যাডভান্সড প্লেসমেন্ট ওয়ার্ল্ড হিস্টরি (বিশ্ব ইতিহাস):**
এই কোর্স গবেষণা করে সাংস্কৃতিক, অর্থনৈতিক, রাজনৈতিক, এবং সামাজিক ক্রমবিকাশ নিয়ে যা দ্বাদশ শতক (1200 CE) থেকে বর্তমান পর্যন্ত বিশ্বের রূপায়ন করেছে। এই কোর্স শিক্ষার্থীদের অ্যাডভান্সড প্লেসমেন্ট ওয়ার্ল্ড হিস্টরি (বিশ্ব ইতিহাস) পরীক্ষা এবং গ্লোবাল স্টাডিজ রিজেন্টস্ এক্সামিনেশন-এর জন্যেও প্রস্তুত করে।

সকল সফমোর শিক্ষার্থীকে অ্যাডভান্সড প্লেসমেন্ট ওয়ার্ল্ড হিস্টরি, অ্যাডভান্সড প্লেসমেন্ট ইউরোপিয়ান হিস্টরি অথবা গ্লোবাল স্টাডিজ III/IV-এ এনরোল করা হবে। এইসব কোর্স গ্লোবাল স্টাডিজ কোর্স সম্পন্ন করার জন্য সিটি এবং স্টেট পাঠ্যক্রম, উভয়টির শর্তাবলী পুরণ করে। যথাযথ সফমোর বছরের ক্লাসে আপনাকে দেয়া হচ্ছে, সেটা নিশ্চিত হতে অনুগ্রহ করে মিজ সুরি (Ms. Suri)-র সাথে যোগাযোগ করুন।

*জেনিফার সুরি (Jennifer Suri), অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল, সোশ্যাল স্টাডিজ অ্যান্ড রিসার্চ*
*JSuri@schools.nyc.gov*

THE NEW YORK CITY DEPARTMENT OF EDUCATION
Stuyvesant High School
345 Chambers Street, New York, NY 10282-1099
Telephone: (212) 312-4800 Facsimile: (212) 587-3874

**ফল (হেমন্ত) 2023 মিউজিক্যাল অনস্যাম্বল অডিশন**

স্টাইভেসেন্ট নানান রকম যন্ত্র এবং কোরাল মিউজিক ক্লাসের সুযোগ দেয় এবং বর্তমানে এতে এগারোটি পারফরমিং অনসাম্বল রয়েছে। কোন্ ক্লাসগুলো লভ্য আছে এবং সেগুলোর প্রতিটি ক্লাসের জন্য অডিশনের শর্তাবলী নিচে প্রদত্ত তথ্যে বর্ণিত আছে। সবগুলো পার্ফমিং গ্রুপের (বিগিনার ব্যান্ড ছাড়া) মেয়াদ চার বৎসর। প্রত্যেক শিক্ষার্থী যে কোনও অনসাম্বলে নেই, তাকে ফ্রেশম্যান, সফোমোর অথবা জুনিয়র বছরে এক-টার্মের মিউজিক অ্যাপ্রিসিয়েশন ক্লাস প্রোগ্রামে দেয়া হবে। যেসব শিক্ষার্থীকে ইনস্ট্রুমেন্টাল বা কোরাল প্রোগ্রামের জন্য বাছাই করা হয় এবং সাফল্যের সাথে কমপক্ষে এক বছর সম্পন্ন করে, তারা মিউজিক অ্যাপ্রিসিয়েশন-এর বাধ্যবাধকতা থেকে মুক্ত থাকবে।

অডিশনগুলো এই বছর হবে রিমোট/ভার্চুয়াল এবং ভিডিও অবশ্যই 15, জুন, 2023-এর আগে জমা দিতে হবে। শিক্ষার্থীদের কোরাস, ব্যান্ড, অর্কেস্ট্রা অথবা ক্ল্যাসিক্যাল পিয়ানো (কোরাসের সঙ্গতকার হিসেবে) অডিশন দিতে পারবে। সকল মিউজিক অনসাম্বল-এ অডিশন আবশ্যক। শিক্ষার্থীদের একাধিক অনসাম্বল-এ অডিশন দিতে উৎসাহিত করা হয় এবং ইনস্ট্রুমেন্টাল ও কোরাল উভয় প্রোগ্রামে অংশগ্রহণ করতে সক্ষম হতে পারে।

প্রতিটি অডিশনের জন্য, শিক্ষার্থীরা তাদের নিজস্ব বাদ্য বাজানো অথবা সঙ্গীত পরিবেশনার ভিডিও 15, জুন, 2023-এর আগে জমা দেবেন। প্রতিটি ভিডিওর শুরুতে শিক্ষার্থীকে স্পষ্ট করে তার নাম, হোমরুম (যদি জানা থাকে), 9 রাশির OSIS নম্বর, এবং অতীত সঙ্গীত অভিজ্ঞতার (যদি থাকে), এবং কেন তারা একটি অনসাম্বল-এ যোগ দিতে চায় তা উল্লেখ করতে হবে। অনুগ্রহ করে জমা দেয়ার আগে আপনার পুরো নাম ও OSIS নম্বর দিয়ে ভিডিওটি নামকরণ করা নিশ্চিত করুন। অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে একটি ভিডিও আপলোড করতে হলে আপনার একটি গুগল অ্যাকাউন্ট থাকতে হবে। যদি আপনার একটি গুগল অ্যাকাউন্ট না থেকে থাকে, তবে আপনি যেন ভিডিও আপলোড করতে পারেন সেজন্য অনুগ্রহ করে একটি অ্যাকাউন্ট তৈরি করুন।

পরবর্তী পৃষ্ঠায় তালিকাবদ্ধ অডিশনের শর্তাবলী অনুসরণ করুন, এবং আপনার অডিশনের ভিডিও 15, জুন, 2023-এর আগে জমা দিতে যথাযথ গুগল ফর্ম (নিচে নির্দেশনাবলী খুঁজে পাবেন) ব্যবহার করুন। উদাহরণস্বরূপ, যদি আপনি ক্যোরাস-এর (সমবেত সঙ্গীতের) জন্য অডিশন করছেন, তবে অনুগ্রহ করে আপনার অডিশনের ভিডিওটি ক্যোরাস অডিশন গুগল ফর্মে আপলোড করুন। VIDEO https://www.youtube.com/watch?v=bWPlfql07i4.

অডিশন সামগ্রী মূল্যায়নের পরে, শিক্ষক প্রতিটি শিক্ষার্থীর জন্য আসনদান এবং উপযুক্ত অনসাম্বল নির্ধারণ করবেন। শিক্ষার্থীদেরকে তাদের দক্ষতার স্তর, আসন-লভ্যতা, এবং প্রোগ্রামিং-এর অনন্য পরিস্থিতির ভিত্তিতে অনসাম্বলসমূহে স্থান দেয়া হবে। যদি কোনও শিক্ষার্থীকে অনসাম্বলের জন্য বাছাই করা না হয়, তাকে নবম গ্রেডের ফল (হেমন্ত) সেমিস্টারে পুনরায় অডিশনের জন্য উৎসাহিত করা হচ্ছে।

নির্দিষ্ট কোনও অনসাম্বলের শর্তাবলী সম্পর্কে কোনও প্রশ্ন থাকলে অনুগ্রহ করে অনসাম্বলটির শিক্ষকের সাথে যোগাযোগ করুন (নিচে তালিকাবদ্ধ)। আরও সাধারণ প্রশ্নাবলীর জন্য, অনুগ্রহ করে মিউজিক ডিপার্টমেন্টের কোঅর্ডিনেটর লিলিয়া শামাজভ (LShamazov@stuy.edu) অথবা অ্যাসিসট্যান্ট প্রিন্সিপ্যাল ফ্র্যানসেসকা ম্যাকঅলিফ(FMcauliffe@stuy.edu)-এর সাথে যোগাযোগ করুন।

| **অনস্যাম্বল (সঙ্গীত দল)** | **শিক্ষকের নাম** | **শিক্ষকের ইমেইল** | **বাদ্যযন্ত্রসমূহ** |
|---|---|---|---|
| **ব্যান্ড** | ড. গ্রেগর উইঙ্কেল (Gregor Winkel) | GWinkel@schools.nyc.gov | উডউইন্ড, ব্র্যাস, পার্কাশন, কিবোর্ড, গিটার, এবং ব্যাস্ (জ্যাজ ব্যান্ডের জন্য) |
| **স্ট্রিংস্ (তারযন্ত্র)** | মি জোসেফ টামোসাইটিস (Mr. Joseph Tamosaitis) | JTamosa@stuy.edu | সিম্ফনি অর্কেস্ট্রার জন্য সকল স্ট্রিংস্ (তারযন্ত্র) এবং অ্যাডভান্সড় উডউইন্ডস্, ব্র্যাস, এবং পার্কাশন |

THE NEW YORK CITY DEPARTMENT OF EDUCATION
# Stuyvesant High School
345 Chambers Street, New York, NY 10282-1099
Telephone: (212) 312-4800 Facsimile: (212) 587-3874

| | | | |
|---|---|---|---|
| **কোরাস** | মিসেস লিলিয়া শামানাজভ (Mrs. Liliya Shamazov) | LShamazov@stuy.edu | সকল কণ্ঠসমূহ |
| **পিয়ানো** | মি হ্যারল্ড স্টেফান (Mr. Harold Stephan) | HStephan@stuy.edu | অ্যাডভান্সড্ ক্লাসিকাল পিয়ানো (শিক্ষার্থীর অন্ততপক্ষে 7 বছর কোনও প্রফেশনালের কাছ থেকে পিয়ানো শিখতে হবে) |

**অডিশনের শর্তাবলী**

| **অনস্যাম্বল (সঙ্গীত দল)** | **অডিশনের শর্তাবলী** |
|---|---|
| **ব্যান্ডসমূহ**<br>**(কনসার্ট ব্যান্ড, সিম্ফোনিক ব্যান্ড, জ্যাজ ব্যান্ড)** | আপনার পছন্দানুযায়ী একটি প্রস্তুতকৃত পিস এবং মেজর স্কেল-এর ভিডিও জমা দিন। ভিডিওর শুরুতে স্পষ্ট করে নাম, হোমরুম, 9 রাশির OSIS নম্বর, এবং অতীত সঙ্গীত অভিজ্ঞতার (যদি থাকে), এবং কেন আপনি একটি অনসাম্বল-এ যোগ দিতে চান তা উল্লেখ করুন।<br>অডিশনের ভিডিও আপলোড করুন এই ব্যান্ড গুগল ফর্ম-এ |
| **বিগিনার ব্যান্ড** (1 বছরের কোর্স) উডউইন্ড অথবা ব্র্যাস ইন্সট্রুমেন্ট শেখার প্রাথমিক কোর্স হিসেবে গৃহীত হবে এবং এর চেয়ে উচ্চতর অডিশনের ভিত্তি হিসেবে কাজ করবে। সঙ্গীতে পূর্ব অভিজ্ঞতার প্রয়োজন নেই। সঙ্গীতে কিছু অতীত অভিজ্ঞতাসম্পন্নদের অগ্রাধিকার প্রদান করা হবে। যদি চাহিদা 50 জন শিক্ষার্থীর অধিক হয়, বাছাই হবে লটারির মাধ্যমে। | যদি আপনি কোনও বাদ্যযন্ত্র না বাজান এবং নতুন একটি শিখতে চান, তবে আপনি কেনো প্রারম্ভিক বা বিগিনার ব্যান্ডে যোগ দিতে চান এবং আপনি কোন্ বাদ্যযন্ত্র শিখতে চাইছেন, উল্লেখ করে একটি ভিডিও জমা দিন।<br>অডিশনের ভিডিও এই **বিগিনার ব্যান্ড** গুগল ফর্ম-এ আপলোড করুন |
| **অর্কেস্ট্রা**<br>**(ইন্টারমিডিয়েট, অ্যাডভান্সড, সিম্ফনি)** | একটি প্রস্তুতকৃত সঙ্গীতের অংশবিশেষ এবং আপনার পছন্দের মেজর স্কেল-এর ভিডিও জমা দিন। ভিডিওর শুরুতে স্পষ্ট করে নাম, হোমরুম, 9 রাশির OSIS নম্বর, এবং অতীত সঙ্গীত অভিজ্ঞতার (যদি থাকে), এবং কেন আপনি একটি অনসাম্বল-এ যোগ দিতে চান তা উল্লেখ করুন।<br>অডিশনের ভিডিও এই Upload audition video to this **অর্কেস্ট্রা** গুগল ফর্ম-এ আপলোড করুন |
| **কোরাস**<br>**(ওরাটরিও কোয়্যার, কোয়্যার - পুরুষ, কোয়্যার - নারী)**<br>অডিশনের জন্য কোনও পূর্ব অভিজ্ঞতার প্রয়োজন নেই। গ্রহণ করে নেয়ার পর, ক্যোরাল ডিরেক্টরের সিদ্ধান্তের উপর ভিত্তি করে শিক্ষার্থীদের কোরাসে স্থলাভিষিক্ত করা হবে। | আপনার পছন্দের একটি গানের সঙ্গীত পরিবেশন করে, সেটার ভিডিও জমা দিন। এটা অন্যদের সাথে অথবা একটি কাপেইয়া গাওয়া হতে পারে। আপনার মুখমণ্ডল দৃশ্যমান হতে হবে। ভিডিওর শুরুতে স্পষ্ট করে নাম, হোমরুম, 9 রাশির OSIS নম্বর, এবং অতীত সঙ্গীত অভিজ্ঞতার (যদি থাকে), এবং কেন আপনি একটি অনসাম্বল-এ যোগ দিতে চান তা উল্লেখ করুন।<br>অডিশনের ভিডিও এই কোরাস গুগল ফর্ম-এ আপলোড করুন |

THE NEW YORK CITY DEPARTMENT OF EDUCATION
Stuyvesant High School
345 Chambers Street, New York, NY 10282-1099
Telephone: (212) 312-4800 Facsimile: (212) 587-3874

| | |
|---|---|
| **ক্যোরাল পিয়ানো অ্যাকম্প্যানিস্ট (সঙ্গতবাদক)**<br>যেসব শিক্ষার্থী ক্ল্যাসিকাল পিয়ানোর কলা-কৌশলে উচ্চতর (অ্যাডভান্সড) পর্যায়ের দক্ষতা প্রদর্শন করবে তাদেরকে এই প্রোগ্রামে একজন কোরাল অ্যাকম্প্যানিস্ট হিসেবে গ্রহণ করা হতে পারে। একজন শিক্ষার্থীর অন্ততপক্ষে 7-8 বছর কোন প্রফেশনালের কাছ থেকে পিয়ানো শিখতে হবে এবং থিয়েটারে যেভাবে মঞ্চস্থ হয় সেই ঐতিহ্যবাহী ক্ল্যাসিকাল অধ্যয়ন করতে হবে। যেসব শিক্ষার্থী গুরুত্বের সাথে পিয়ানো নিয়ে পড়াশুনা করছে তাদেরকে অডিশনের জন্য জোরালোভাবে উৎসাহিত করা হচ্ছে। কিছু শিক্ষার্থীকে সাইট সিংগিং (স্বরলিটি দেখে গান করা) দক্ষতা যাচাইয়ের জন্য একটি জুম কল-এ যোক্ত হতে বলা হতে পারে। | দুইটি বিপরীতমুখি পিস্ বাজানোর একটি ভিডিও (অথবা কয়েকটি পৃথক ভিডিও) জমা দিন, যা বিভিন্ন স্টাইলে (বারোক, ক্ল্যাসিকাল, রোমান্টিক, অথবা বিংশ (20) শতাব্দীর) দক্ষতা প্রদর্শন করে - মুখস্থ করা বাধ্যতামূলক নয়, কিন্তু ভাল হয়। একটি মেজর স্কেল এবং একটি মাইনর স্কেল-এ একটি ভিডিও জমা দিন (শিক্ষার্থীর পছন্দ), 2 অক্টেভ আপ এবং ডাউন, উভয় হাত।<br><br>পিয়ানিস্টদের গায়ক হিসেবে কোরাসে অডিশন করতে জোর উৎসাহ দেয়া হচ্ছে। যেহেতু পিয়ানো অ্যাকম্প্যানিস্ট (সঙ্গতবাদক) আসন সংখ্যা সীমিত, যেসব শিক্ষার্থীদের বাজানোর জন্য ফ্রেশম্যান বছরে বেছে নেয়া হয়নি তারা কোরাসে একজন গায়ক হিসেবে যোগ দিতে পারে এবং প্রতি সেমিস্টারে বাজানোর জন্য অডিশন করতে পারে। অডিশনের ভিডিও এই পিয়ানো গুগল ফর্ম-এ আপলোড করুন |

*লিলিয়া শামাজভ (Liliya Shamazov)/মিউজিক কোভর্ডিনেটর অ্যান্ড কোরাস ডিরেক্টর*
*lshamazov@schools.nyc.gov*

THE NEW YORK CITY DEPARTMENT OF EDUCATION
# Stuyvesant High School
345 Chambers Street, New York, NY 10282-1099
Telephone: (212) 312-4800 Facsimile: (212) 587-3874

## ফিজিক্যাল (ইউনিফর্ম অর্ডার এবং সুইমিং)

সাঁতার কাঁটায় সক্ষমতা একটি জীবন-রক্ষাকারী দক্ষতা এবং আমরা বিশ্বাস করি যে স্টাইভেসান্ট হাই স্কুলের প্রতিটি শিক্ষার্থীকে এই সক্ষমতা নিয়ে গ্র্যাজুয়েট হতে হবে। সুতরাং, আমাদের সার্বিক শিক্ষাগত প্রোগ্রামের অংশ হিসেবে সকল শিক্ষার্থীর জন্য সাঁতারে দক্ষতা প্রদর্শন করা বাধ্যতামূলক করেছি।

তাই প্রতি বছর পরিকল্পিত ক্যাম্প স্টাই চলাকালে শিক্ষার্থীদের সাঁতারে দক্ষতা পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক। এই পরীক্ষায় উত্তীর্ণ হতে ব্যর্থ শিক্ষার্থীদেরকে স্টাইভেসান্ট-এ হয় ফ্রেশম্যান নাহয় সফমোর বছরে এক সেমিস্টার সাঁতার শিখতে হয়। স্টাইভেসান্ট অনুমোদিত ডিপ্লোমা পাবার এটি একটি শর্ত।

8 জুন, 2023, শিক্ষার্থীদেরকে সাঁতার কাটার জন্য সাঁতারের পোশাক, তোয়ালে এবং চপ্পল নিয়ে প্রস্তুত হয়ে আসতে হবে। শিক্ষার্থীদের অবশ্যই দুইটি স্ট্রোক-এ - ফ্রিস্টাইল এবং দ্বিতীয় আরেকটি স্ট্রোক-এ দক্ষতা প্রদর্শন করতে হবে। ক্যাম্প স্টাই (camp stuy) চলাকালে কোনো শিক্ষার্থী যে "সাঁতারু নয়" তার সাঁতার শিক্ষককে তা জানানো উচিৎ। তাদের সাঁতার পরীক্ষা দিতে হবে না এবং তাদের ফ্রেশম্যান বছরে সাঁতার শেখার ক্লাসে প্রারম্ভিক বা বিগিনার লেভেল-এ শেখার জন্য আসন দেয়া হবে। ফিজিক্যাল এডুকেশন ক্লাসে অংশগ্রহণের জন্য শরীরচর্চা শিক্ষা বা ফিজিক্যাল এডুকেশন ইউনিফর্ম এবং লকাররুমে পোশাক পরিবর্তন আবশ্যক। শিক্ষার্থীদের কর্মকাণ্ডের জন্য উপযুক্ত স্নিকার্স অবশ্যই পরতে হবে।

আপনি যদি ক্যাম্প স্টাই (Camp Stuy)-এ পিক আপ করার জন্য PE ইউনিফর্ম ক্রয় করতে চান, তবে অনুগ্রহ করে এই লিংক ব্যবহার করে 3 জুন তারিখের মধ্যে অর্ডার দিন।

http://stuy.enschool.org/apps/forms2/?f=27187

T-শার্ট- $10.00
শর্টস্- $15.00
আন্ডার আর্মার t-শার্ট- $20.00
সোয়েট প্যান্টস্-$20.00
আপনার কোন উদ্বেগ, অথবা যেকোনো সমস্যা থাকলে, দ্বিধা না করে মি মোরান (Mr. Moran)-এর সাথে যোগাযোগ করুন।

***ব্রায়ান মোরান (Brian Moran)/অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল, ফিজিক্যাল এডুকেশন অ্যান্ড সেফটি অ্যান্ড সিকিউরিটি***
*bmoran@schools.nyc.gov*

THE NEW YORK CITY DEPARTMENT OF EDUCATION
# Stuyvesant High School
345 Chambers Street, New York, NY 10282-1099
Telephone: (212) 312-4800 Facsimile: (212) 587-3874

## ক্যামিস্ট্রি, আরট অ্যান্ড টেকনোলোজি ডিপার্টমেন্ট

কেমিস্ট্রি, আর্ট অ্যান্ড টেকনোলজি ডিপার্টমেন্ট আপনার স্টাইভেস্যান্ট হাই স্কুলের 9, 10, 11 এবং 12 গ্রেডের শিক্ষার্থীদের বিজ্ঞানের অভিজ্ঞতা আরো সমৃদ্ধ করার লক্ষ্যে আনন্দের সাথে নিম্নলিখিত কোর্সসমূহের সুযোগ দেয়:

| | **ফল (হেমন্ত) টার্ম** | **স্প্রিং (বসন্ত) টার্ম** | |
|---|---|---|---|
| গ্রেড 9 | আর্ট অ্যাপ্রিসিয়েশন | আর্ট অ্যাপ্রিসিয়েশন | |
| গ্রেড 10 | মডার্ন কেমিস্ট্রি | মডার্ন কেমিস্ট্রি | অথবা |
| | AP কেমিস্ট্রি[1] | AP কেমিস্ট্রি[1] | |
| | কম্পিউটার সায়েন্স[2] | টেকনিক্যাল ড্রয়িং[2] | অথবা |
| | কম্পিউটার সায়েন্স[2] | কম্পিউটার সায়েন্স[2] | অথবা |
| | টেকনিক্যাল ড্রয়িং[2] | কম্পিউটার সায়েন্স[2] | |
| গ্রেড 11 | ইলেকটিভ | ইলেকটিভ | |
| গ্রেড 12 | টেকনোলজি কোর্স[5] | টেকনোলজি কোর্স[5] | |

অধিকাংশ শিক্ষার্থী সোফোমোর বছরে **মডার্ন কেমিস্ট্রি** নেবে, যা নিউ ইয়র্ক স্টেট রিজেন্টস্ কেমিস্ট্রি পাঠ্যক্রমের উপর নির্ভরশীল। এছাড়া শিক্ষার্থীরাও সোফোমোর বছরে **মডার্ন কেমিস্ট্রি**-এর স্থলে একটি **সোফোমোর AP কেমিস্ট্রি** বেছে নিতে সক্ষম হবে।

এছাড়াও আমরা বিভিন্ন ঐচ্ছিক (ইলেকটিভ) কোর্স অফার করি, যেমন অর্গ্যানিক কেমিস্ট্রি, কেমিস্ট্রি I এবং II, অ্যাডভান্সড কেমিস্ট্রি ল্যাব, সায়েন্স অ্যান্ড সোসাইটি, সায়েন্স অলিম্পিয়াড এবং ইন্ট্রোডাকশন টু রোবটিক্স।

এছাড়াও শিক্ষার্থীরা সিনিয়র বছরে টেকনোলজি কোর্স হিসেবে আর্কিটেকচার, ইনটেরিয়র ডিজাইন, অ্যাডভান্সড রোবোটিক্স, ফটোগ্রাফি, ইঞ্জিনিয়ারিং ডিজাইন, 3D আর্ট অ্যান্ড টেকনোলজি, ভিডিও জার্নালিজম, উডওয়ার্কিং অথবা সিরামিকস্ নিতে সক্ষম হবে এবং শিক্ষার্থীরা জুনিয়র অথবা সিনিয়র বছরে টেকনোলজি ইলেকটিভ (ঐচ্ছিক) হিসেবে ইনট্রোডাকশন টু রোবোটিক্স, গ্রাফিকস্ আর্টস্, অ্যানিমেশন অথবা গিটার মেকিং নিতে সক্ষম হবে।

ডিপার্টমেন্টগুলো সম্পর্কে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে আমাদের স্কুলের ওয়েবসাইট: www.stuy.edu দেখুন

***স্কট টমাস (Scott Thomas)/অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল ফর কেমিস্ট্রি, ফিজিক্স অ্যান্ড টেকনোলজি***
*sthomas24@schools.nyc.gov*

*1: ফ্রেশম্যান বছরের অ্যাকাডেমিক কর্মদক্ষতার উপর ভিত্তি করে শিক্ষার্থীদের সোফোমোর AP কেমিস্ট্রি কোর্সের জন্য বাছাই করা হবে।*
*2: শিক্ষার্থীরা পূর্ণ এক-বছরের কম্পিউটার সায়েন্স অথবা এক টার্ম কম্পিউটার সায়েন্স ও সফমোর ইয়ারে এক টার্ম ড্রাফটিং বেছে নিতে পারেন।*
*3: শিক্ষার্থীদের AP ফিজিক্স 1 এবং 2-এর জন্য নির্বাচিত করা হবে তাদের জুনিয়র বছরের অ্যাকাডেমিক কর্মদক্ষতার ভিত্তিতে।*
*4: শিক্ষার্থীদের AP ফিজিক্স C (Mech) ও (E&M) কোর্সের জন্য নির্বাচিত করা হবে তাদের জুনিয়র বছরের অ্যাকাডেমিক কর্মদক্ষতার ভিত্তিতে।*
*5: শিক্ষার্থীরা তাদের সিনিয়র বছরে টেকনোলজি কোর্সের শর্ত পূরণে বেছে নেয়ার জন্য টেকনোলজি কোর্সসমূহের একটি তালিকা পাবে।*

THE NEW YORK CITY DEPARTMENT OF EDUCATION
# Stuyvesant High School
345 Chambers Street, New York, NY 10282-1099
Telephone: (212) 312-4800 Facsimile: (212) 587-3874

## ইংরেজি ডিপার্টমেন্ট

**আদর্শ সম্পর্কিত বিবৃতি**

স্টাইভেসান্ট ইংরেজি বিভাগের সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ হলো শিক্ষার্থীদের সাহিত্য ব্যবহারের মাধ্যমে বিশ্ব এবং নিজেকে অনুধাবন করতে সাহায্য করা, এবং তাদের চিন্তাধারা মৌখিক এবং লিখিত উভয়ই স্পষ্টভাবে বহিঃপ্রকাশ করতে সাহায্য করা। প্রতি গ্রেডের শিক্ষার্থীরাই আশা করতে পারে যে তাদের ঐসব সাহিত্য পাঠ করতে দেয়া হবে, যেগুলো তাদের চ্যালেঞ্জ ও বিজড়িত করবে, তারা শুনবে এবং আলোচনা ও যেসব কর্মকান্ড তাদের পাঠ্য গভীরভাবে বোঝাবে সেগুলোতে অংশগ্রহন করবে, এবং যেসব অ্যাসাইনমেন্ট তৈরী করা হয়েছে তাদের লেখার দক্ষতা বৃদ্ধি করার পাশাপাশি পাঠ্য বিষয় ও বিষয়বস্তুর উপর নতুন উপলব্ধি প্রদান করে সেগুলো সম্পন্ন করবে। আমরা বিশ্বাস করি যে স্টাইভেসান্টের শিক্ষার্থীদের যথেষ্ট পরিমাণ স্বাধীনতা দেয়া প্রয়োজন যেন ইংরেজি প্রোগ্রামের মাধ্যমে তারা তাদের লক্ষ্য দিক নির্ধারণ করতে পারে। তাসত্বেও, পরবর্তী চার বছরে শিক্ষার্থীরা সাহিত্যের কিছু বিশেষ ক্ষেত্রের মুখোমুখি হবে এবং কিছু নৈমিত্তিক দক্ষতায় তারা পারদর্শী হয়ে উঠবে।

***ফ্রেশম্যান ইয়ার (ফ্রেশম্যান কম্পোজিশন):***

- বিবিধ যুগের ও দেশের প্রতিনিধিত্বকারী পাঠ্য পড়বে বলে সকল শিক্ষার্থীর আশা করা উচিত, এবং উপন্যাস, ননফিকশন, কবিতা, নাটক, এবং ছোট গল্প সহ ব্যাপক পরিসরের সাহিত্যের ধারা তাদের সামনে উন্মোচন করা হবে। শিক্ষার্থীরা সাহিত্যের মৌলিক উপাদানগুলো, যেমন কাহিনী, পরিবেশ, চরিত্র, ভাব, সংলাপ, মূলভাব , এবং কথ্যসংক্ষেপ বিশ্লেষণ করতে শিখবে।
- সকল শিক্ষার্থীরা (ক্লাসে এবং প্রতি সেমিস্টারে অন্তত পাঁচটি অ্যাসাইনমেন্টে) ঐসব পাঠ্যের প্রতিউত্তর সমালোচনামূলক এবং সৃজনশীলতার সাথে লিখবে বলে আশা করা হয়, এছাড়াও তারা ব্যাকরণে দক্ষতা ও শব্দতালিকা বৃদ্ধি করবে, এবং সাহিত্যিক রচনার মৌলিক বিষয়বস্তু শিখবে (গবেষণামূলক বিবৃতি, প্রমাণ হিসেবে উদ্ধৃতি ব্যবহার, ইত্যাদি)। এছাড়াও দ্বিতীয় টার্ম ননফিকশন লেখার উপর জোড় প্রয়োগ করে, সুনির্দিষ্টভাবে গবেষণামূলক লেখা, যেন শিক্ষার্থীরা বিভিন্ন সূত্র অনুধাবন করতে পারে এবং তথ্য উদ্ধৃতি করতে পারে।

***সফোমোর ইয়ার (সাহিত্যের ভিত্তিসমূহ):***

- সকল শিক্ষার্থী ক্ল্যাসিকাল যুগ থেকে বর্তমান যুগ পর্যন্ত আনুশাসনিক (ক্যাননিক্যাল) সাহিত্য পাঠ প্রত্যাশা করতে পারে, এবং সাহিত্য কর্মের প্রতিফলনের প্রতি উপলব্ধি জন্মাবে এবং যে ঐতিহাসিক কালের উপর ভিত্তি করে ওগুলোর উৎপত্তি হয়েছে সেটার উপর মন্তব্য করবে। শিক্ষার্থীরা মুখ্য দার্শনিক এবং শিল্পীসুলভ আন্দোলন (যেমন যুক্তিবাদ, রোমান্টিকতা, আধুনিকতা) সম্পর্কে শিখবে যা প্রবন্ধের ঐতিহাসিক প্রাসঙ্গিকতা প্রদান করবে এবং হয়তবা পাঠ্যটিকে বিবিধ সমালোচনামূলক পন্থার মধ্য দিয়ে বিবেচনা করতে বলা হতে পারে।
- এই প্রবন্ধগুলোর জবাবে ক্লাসে এবং প্রতি সেমিস্টারে অন্তত চারটি মুখ্য অ্যাসাইনমেন্টে সকল শিক্ষার্থী সমালোচনামূলক এবং সৃজনশীলতার সাথে লিখবে বলে প্রত্যাশা করা হয়। ফ্রেশম্যান হিসেবে শিক্ষার্থীরা যে প্রাথমিক দক্ষতা শিখেছে তার উপর নতুন ভিত্তি স্থাপন করবে এবং সম্প্রসারণ করবে, বিশেষ করে সাহিত্যিক বিশ্লেষণে এবং গভীরতার সাথে ধারণা কীভাবে তৈরি করতে হয় তাতে মনোনিবেশ করবে। সকল শিক্ষার্থী অতিরিক্ত ব্যাকরণের দক্ষতায় উন্নতিসাধন করবে বলে প্রত্যাশা করা হয়।

THE NEW YORK CITY DEPARTMENT OF EDUCATION
Stuyvesant High School
345 Chambers Street, New York, NY 10282-1099
Telephone: (212) 312-4800 Facsimile: (212) 587-3874

*জুনিয়র ইয়ার:*

- সকল শিক্ষার্থীর অবশ্যই অন্তত একটি সেমিস্টার মূল (কোর) ইংরেজি ক্লাসে মনোনিবেশ করতে হবে, যেখানে তারা আমেরিকার বিখ্যাত সাহিত্যগুলো পড়বে বলে প্রত্যাশা করতে পারে। জুনিয়রদের জন্য তিনটি সম্ভাব্য পথ আছে, তারা বেছে নিতে পারে:
  - পুরো বছর আমেরিকান লিটারেচার পড়ায় মনোনিবেশ করবে, হয় AP ল্যাঙ্গুয়েজ এবং কম্পজিশন ক্লাসে ভর্তি হবে অথবা দুই টার্মেই আমেরিকান লিটারেচার নেবে
  - এক সেমিস্টার আমেরিকান লিটারেচার পড়বে এবং অন্য সেমিস্টারে একটি আরো স্পেশালাইজড় লিটারেচার অথবা ওয়ার্কশপ ক্লাস নেবে
  - পুরো বছর আমেরিকান লিটারেচার পড়বে এবং ইংরেজি ইলেক্টিভ হিসেবে একই সাথে এক বা একাধিক স্পেশালাইজড় লিটারেচার ক্লাস নেবে

- এই প্রবন্ধগুলোর জবাবে ক্লাসে এবং প্রতি সেমিস্টারে অন্তত চারটি মুখ্য অ্যাসাইনমেন্টে সকল শিক্ষার্থী সমালোচনামূলক এবং সৃজনশীলভাবে লিখবে বলে প্রত্যাশা করা হয়। শিক্ষার্থীরা প্রথম দুই বছর যা শিখেছে তার উপর নতুন ভিত্তি স্থাপন করবে এবং সম্প্রসারণ করবে, বিশেষ করে কীভাবে নিজস্ব কণ্ঠ এবং নিজস্ব ভঙ্গিমা বিকশিত করবে সেটায় মনোনিবেশ করবে। এছাড়া সকল শিক্ষার্থী ELA রিজেন্টস পরীক্ষার জন্য পর্যালোচনা করবে বলে প্রত্যাশা করা হয় (যা তারা দ্বিতী সেমিস্টারের শেষে নেবে)।

*সিনিয়রয়ইয়ার:*

- সকল শিক্ষার্থীর অবশ্যই অন্তত একটি সেমিস্টার মূল (কোর) ইংরেজি ক্লাসে মনোনিবেশ করতে হবে, যেখানে তারা আমেরিকার বিখ্যাত সাহিত্যগুলো পড়বে বলে প্রত্যাশা করতে পারে। সিনিয়রদের জন্য তিনটি সম্ভাব্য পথ আছে, তারা বেছে নিতে পারে:
  - পুরো বছর ওয়ার্ল্ড লিটারেচার পড়বে, হয় যেকোনো একটি AP লিটারেচার ক্লাসে ভর্তি হবে, এটা করতে উভ সেমিস্টারেই রাইটিং ইন দ্যা ওয়ার্ল্ড নেবে, নাহয় এক সেমিস্টারে রাইটিং ইন দ্যা ওয়ার্ল্ড এবং অন্য সেমিস্টারে অন্য একটি কোর ক্লাস, যেমন শেক্সপিয়ার লিটারেচার নেবে
  - এক সেমিস্টার যেকোনো একটি কোর ক্লাস নেবে এবং অন্য সেমিস্টারে আরো স্পেশালাইজড় লিটারেচার অথবা ওয়ার্কশপ ক্লাস নেবে
  - পুরো বছর যেকোন একটি কোর ক্লাস নেবে এবং ইংরেজি ইলেক্টিভ হিসেবে একই সাথে এক বা একাধিক স্পেশালাইজড় লিটারেচার ক্লাস নেবে
- সকল শিক্ষার্থী পাঠ্য সাহিত্যের উপর বিবিধ সমালোচনামূলক এবং সৃজনশীল জবাব দেয়া নিয়ে পরীক্ষা নিরীক্ষা করবে বলে প্রত্যাশা করা হয়; অ্যাসাইনমেন্ট শিক্ষার্থীদের দীর্ঘায়িত এবং/অথবা অপ্রচলিত মাধ্যম (ফর্ম) নিয়ে পরীক্ষা নিরীক্ষা বাধ্যতামূলক করতে পারে। প্রথম সেমিস্টারে, শিক্ষার্থীরা অন্ততপক্ষে চারটি মুখ্য অ্যাসাইনমেন্ট সম্পন্ন করবে, এর মধ্যে অন্তর্ভুক্ত একটি ব্যক্তিগত রচনা যেটা তারা চাইলে আরো উন্নত করতে পারে এবং কলেজ রচনা হিসেবে জমা দিতে পারে। দ্বিতীয় সেমিস্টারে, শিক্ষার্থীরা প্রতি মার্কিং পিরিয়ডে অন্ততপক্ষে একটি করে মুখ্য অ্যাসাইনমেন্ট সম্পন্ন করবে, সর্বশেষটি হবে একটি কোর্স-প্রযোজ্য সমন্বয়কারী প্রজেক্ট, যেটায় একটি গবেষনামূলক এবং/অথবা পোর্টফোলিও অংশ থাকতে পারে।

য়েসবয়শিক্ষার্থীয়প্রতিটিয়কোর্সেরয়পাঠ্যক্রময়দেখতেয়চায়য়তাদেরয়উচিতয়হবেয়স্কুলেরয়www.stuy.edu ওয়েবসাইটেয়"প্রোগ্রামিংয় (Programming)"য়অংশেয়কোর্সের বিবরণ অথবায়টালোসয়(Talos)য়কোর্সয়ক্যাটালগয়পড়া।

***এরিকয়গ্রসম্যানয়(Ericয়Grossman)/অ্যাসিস্ট্যান্টয়প্রিন্সিপ্যালয়ফরয়ইংলিশয়***
*egrossm@schools.nyc.gov*

THE NEW YORK CITY DEPARTMENT OF EDUCATION
Stuyvesant High School
345 Chambers Street, New York, NY 10282-1099
Telephone: (212) 312-4800 Facsimile: (212) 587-3874

## হেলথ্ এডুকেশন (স্বাস্থ্য শিক্ষা)

হেলথ্য়এডুকেশনয়ডিপার্টমেন্টয়স্টাইভেসান্টয়হাইয়স্কুলেয়আপনাদেরয়ফ্রেশম্যানয়বছরেরয়হেলথ্য়এডুকেশন-এরয়অভিজ্ঞতাকেয়সমৃদ্ধয়ওয় সম্প্রসারিতয়করতেয়নিম্নলিখিতয়শিক্ষাগতয়সুয়োগসমূহয়প্রদানয়করতেয়পেরেয়আনন্দিত।

স্টাইভেসান্টয়হাইয়স্কুলেরয়হেলথয়এডুকেশনয়হলোয়একয়সেমিস্টারেরয়ক্লাসয়য়ায়আপনাদেরয়ফ্রেশম্যানয়বছরেয়বায়জুনিয়রয়বছরেয়নেওয়ায় য়েতেয়পারে।য়এইয়ক্লাসেরয়লক্ষ্যয়হলোয়ফ্রেশম্যানয়বায়জুনিয়রয়শিক্ষার্থীকেয়উৎসাহয়দানয়করায়য়াতেয়তারায়নিজেদেরয়শারীরিক,য় আবেগজনিত,য়এবংয়মানসিকয়সুস্থতায়সম্পর্কেয়তাদেরয়নিজেদেরয়ব্যক্তিগতয়ভূমিকায়বুঝতেয়পারে।য়টার্ময়চলাকালেয়নিম্নলিখিতয়বিষয়গুলোয় শেখানোয়ওয়আলোচিতয়হয়:

- সংক্রমণযোগ্য ও সংক্রমণযোগ্য নয়, এমন ব্যাধিসমূহ
- কারো সুস্থতা বজায় রাখায় ওষুধের ভূমিকা
- নেশা জাতীয় পদার্থের অপব্যাবহার
- থাযথ পুষ্টি
- মানবিক যৌনতা
- মানসিক স্বাস্থ্য
- প্রাথমিক চিকিৎসা ও CPR (শ্বাস-প্রশ্বাসে সহায়তা)
- পারবারিক জীবন
- জলবায়ু পরিবর্তন এবং অন্যান্য জনস্বাস্থ্য সমস্যা

হেলথয়এডুকেশনয়হলোয়একটিয়উচ্চতরয়অংশগ্রহণমূলকয়ক্লাসয়য়ায়শিক্ষার্থীদেরয়উপর্যুক্তয়বিষয়গুলোতেয়দক্ষতায়অর্জনেরয়জন্য,য়পাশাপাশিয় শিক্ষার্থীরয়আত্মমর্যাদাবোধয়বৃদ্ধিরয়জন্যয়অনেকগুলোয়সৃষ্টিশীলয়প্রকল্পভিত্তিকয়কর্মকাণ্ডয়ব্যবহারয়করে।য়এছাড়াওয়অন্যান্যয়কর্মকাণ্ডয়রয়েছেয় য়েমনয়মাঠয়পর্য়ায়েয়সফরয়ওয়অতিথি বক্তা,য়য়ারা ক্লাসরুময়উপস্থাপনারয়জন্যয়তাদেরয়জ্ঞানয়ওয়পাণ্ডিত্যয়নিয়েয়শিক্ষার্থীদেরয়ক্লাসরুমেয় উপস্থিতয়হবেন।য়এসবয়আমন্ত্রিতয়অতিথি বক্তায়হলোয়*আমেরিকানয়রেডয় ক্রসয়*য়ারায়"জরুরিয়অবস্থায়য়প্রস্তুতি"য়এবং "CPR"য় নিয়েআলোচনায়করবেন।
স্টাইভেসান্টেয়আবারওয়স্বাগতময়এবংয়শুভেচ্ছা,য়য়েনোয়স্টাইভেসান্টেয়আপনারয়পথচলায়সাফল্যমণ্ডিতয়হয়য়ায়অসংখ্যয়নতুনয়সুয়োগয়ওয় অভিজ্ঞতায়দেবে।

আপনারয়য়দি আরওয়প্রশ্নয়থাকে,য়অনুগ্রহয়করেয়স্টাইভেসেন্টেরয়ওয়েবসাইটয়www.stuy.eduয়দেখুন।

***এলিজাবেথয়ফংয়(Elizabethয়Fong)/অ্যাসিস্ট্যান্টয়প্রিন্সিপ্যাল,য়হেলথ্,য়ফিজিক্স অ্যান্ডয়লাইব্রেরিয়***
*efong@schools.nyc.gov*

THE NEW YORK CITY DEPARTMENT OF EDUCATION
Stuyvesant High School
345 Chambers Street, New York, NY 10282-1099
Telephone: (212) 312-4800 Facsimile: (212) 587-3874

## ফিজিক্স ডিপার্টমেন্ট

ফিজিক্স (পদার্থ বিজ্ঞান) ডিপার্টমেন্ট স্টাইভেসান্ট হাই স্কুলে আপনাদের ফ্রেশম্যান বছরের সায়েন্স ক্লাসরুম ও ল্যাবোরেটরির অভিজ্ঞতাকে সমৃদ্ধ ও সম্প্রসারিত করতে নিম্নলিখিত শিক্ষাগত সুযোগসমূহ প্রদান করতে পেরে আনন্দিত।

গ্রেড 11 – স্টাইভেসান্ট-এ জুনিয়র বছর
আপন যখন গ্রেড 11-এ জুনিয়র শিক্ষার্থী হবেন, তখন আপনি এক বছরের নিউ ইয়র্ক স্টেট রিজেন্টস্ ফিজিক্স কোর্স গ্রহণ করবেন যাকে স্টাইভেসান্ট-এ বলা হয় *অনার্স ফিজিক্স*। ফিজিক্যাল সায়েন্সের মৌলিক নিয়ম ও নীতি সম্পর্কে একটি মৌলিক ধারণা দিতে এই কোর্সটি তৈরি করা হয়েছে এবং একই সাথে এসব নীতির কিছু কিছু সম্পর্কে শিক্ষার্থীদের একটি গভীর ধারণা প্রদান করে। মৌলিক পাঠ্যসূচিতে নিম্নলিখিত বিষয়গুলো রয়েছে: মেকানিক্স, এনার্জি, ইলেক্ট্রিসিটি অ্যান্ড ম্যাগনেটিসজম, ওয়েভ ফ্যানোমেনা, মডার্ন ফিজিক্স, অপটিক্স অ্যান্ড নিউক্লিয়ার এনার্জি। *অনার্স ফিজিক্স* শিক্ষার্থীদেরকে ফিজিক্স ডিপার্টমেন্ট প্রদত্ত উচ্চতর নৈর্বাচনিক ফিজিক্স-এর জন্য প্রস্তুতির সুযোগ দেয়। পরিণতিতে *অনার্স ফিজিক্স* পাঠ শিক্ষার্থীর সমস্যা সমাধান ও বিশ্লেষণী চিন্তার দক্ষতাকে শাণিত করে।

গ্রেড 12 – স্টাইভেসান্ট-এ সিনিয়র বছর
আপনি যখন গ্রেড 12এর সিনিয়র হবেন, তখন আপনার বেছে নেওয়ার জন্য কয়েকটি সম্ভাব্য নৈর্বাচনিক ফিজিক্স কোর্স থাকবে। বেছে নেওয়ার জন্য দুইটি সম্ভাব্য AP ফিজিক্স ক্লাস এবং দুইটি নৈর্বাচনিক ফিজিক্স রয়েছে

AP ফিজিক্স B 1 এবং 2 – এটি একটি এক বছরের AP ক্লাস যাতে অ্যালজেব্রার জ্ঞান থাকা আবশ্যিক। আপনি গ্রেড 11-এর *অনার্স ফিজিক্স* ক্লাসে আপনি কত ভালো করেন, সেটা হবে বাছাইয়ের ভিত্তি। আলোচ্য বিষয়গুলো মেকানিক্স, থার্মোডাইন্যামিক্স, লাইট, ইলেকট্রিসিটি অ্যান্ড ম্যাগনেটিসজম, কোয়ান্টাম থিয়োরি ও রিলেটিভ থিয়োরি ইত্যাদি অন্তর্ভুক্ত করে। এই কোর্স শিক্ষার্থীদেরকে একটি কলেজ বোর্ড AP ফিজিক্স B স্তরের পরীক্ষার জন্য প্রস্তুত করে।

- AP ফিজিক্স C 3 এবং 4 – এটি একটি এক বছরের AP ক্লাস যাতে ক্যালকিউলাসের জ্ঞান থাকা আবশ্যিক। আপনি গ্রেড 11-এর *অনার্স ফিজিক্স* ক্লাসে এবং AP ক্যালকিউলাস BC-তে আপনি কত ভালো করেন, সেটা হবে বাছাইয়ের ভিত্তি। যে বিষয়গুলোকে গভীরভাবে অন্তর্ভুক্ত করা হয়, সেগুলো হলো মেকানিক্স ও ইলেক্ট্রোম্যাকানিজম্। এই কোর্স শিক্ষার্থীদেরকে মে মাসে একটি কলেজ বোর্ড AP ফিজিক্স C স্তরের পরীক্ষার জন্য প্রস্তুত করে।
- ডিজিটাল ইলেক্ট্রোনিক্স – এটি একটি এক টার্ম-এর নৈর্বাচনিক ফিজিক্স। একটি কম্পিউটারের অভ্যন্তরে হার্ডওয়্যার কীভাবে কাজ করে, সে বিষয়ে এই কোর্স একটি মৌলিক ধারণা দেবে। এটি একটি প্রকল্প-ভিত্তিক ক্লাস।
- সায়েন্স ফিকশন সিনেমা – এটি একটি এক টার্ম-এর নৈর্বাচনিক ফিজিক্স। শিক্ষার্থীরা সিনেমার ইতিহাস জুড়ে নানান বুদ্ধিবৃত্তিক প্রবণতাসমূহের অনুসন্ধান করবে যা প্রাসঙ্গিক কালের সায়েন্স ফিকশন ধারার সিনেমার রূপায়নে সহায়তা করেছে। এটি একটি আলাপ-আলোচনা ও প্রকল্প-ভিত্তিক ক্লাস।
- আপনার যদি আরও প্রশ্ন থাকে, অনুগ্রহ করে স্টাইভেসেন্টের ওয়েবসাইট দেখুন: www.stuy.edu

*এলিজাবেথ ফং (Elizabeth Fong)/অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল, ফিজিক্স, হেলথ্ এবং লাইব্রেরি*
*efong@schools.nyc.gov*

THE NEW YORK CITY DEPARTMENT OF EDUCATION
Stuyvesant High School
345 Chambers Street, New York, NY 10282-1099
Telephone: (212) 312-4800 Facsimile: (212) 587-3874

## স্টাইভেসান্ট লাইব্রেরি

লাইব্রেরি ডিপার্টমেন্ট স্টাইভেসান্ট হাই স্কুলে আপনাদের ফ্রেশম্যান বছরের লাব্রেরির অভিজ্ঞতাকে সমৃদ্ধ ও সম্প্রসারিত করতে নিম্নলিখিত শিক্ষাগত সুযোগসমূহ প্রদান করতে পেরে আনন্দিত। স্টাইভেসান্ট লাইব্রেরি আপনার সাথে মিলিত হওয়ার এবং আপনার গবেষণা প্রতিবেদন, উদ্ধৃতি এবং আপনার স্বাধীন পাঠের উদ্যোগ গঠনে সহায়তা দানের অপেক্ষায় আছে ।

যেসব শিক্ষার্থীর প্রথম (1) পিরিয়ড থেকে নবম (9) পিরিয়ড পর্যন্ত প্রোগ্রাম রয়েছে, তারা তাদের লাঞ্চ পিরিয়ড অথবা ফ্রি পিরিয়ডে কিংবা স্কুল দিবসের শেষে দশম (10) পিরিয়ডে লাইব্রেরিতে স্বাগত। যেসব শিক্ষার্থীর প্রথম (2) পিরিয়ড থেকে দশম (10) পিরিয়ড পর্যন্ত প্রোগ্রাম রয়েছে, তারাও তাদের লাঞ্চ পিরিয়ড অথবা ফ্রি পিরিয়ডে কিংবা স্কুল দিবসের শুরুতে প্রথম (1) পিরিয়ডে লাইব্রেরিতে স্বাগত। লাইব্রেরি খোলা থাকবে অক্টোবরের শুরু পর্যন্ত "দিনের শেষ সময়ে" 5:00 pm পর্যন্ত খোলা থাকবে।

সকল ফ্রেশম্যানকে ফল (হেমন্ত) সেমিস্টারে "ফ্রেশম্যান লাইব্রেরি ওরিয়েন্টেশন"-এর জন্য লাইব্রেরিতে যাওয়ার সময়সূচি দেওয়া হবে তবে সকল লাইব্রেরি সার্ভিস ব্যবহারের জন্য আপনি লাইব্রেরিতে যাওয়া শুরু করতে পারবেন স্কুলের প্রথম দিন থেকে।

লাইব্রেরিয়ানগণ সাহায্যের জন্য সব সময় স্বেচ্ছাসেবকের এবং "স্টাই লাইব্রেরি মনিটর"-এর প্রত্যাশায় থাকেন। লাইব্রেরিয়ানগণ প্রতি সেমিস্টারের শুরুতে মনিটর হওয়ার আবেদন গ্রহণ করেন। সুতরাং, আপনি "লাইব্রেরি টিম"-এ যোগদান করতে পারেন সরাসরি নবম (9) গ্রেড থেকে অথবা অপর সেমেস্টারের শুরুতে যখন আপনি প্রস্তুত ও অবসর থাকেন।

লাইব্রেরি সার্ভিসের পুরো বিন্যাস দেখতে আপনি স্টাইভেসান্ট লাইব্রেরি ওয়েবসাইট ঘুরে দেখতে পারেন http://stuy.libguides.com এখানে। এছাড়াও আমাদের কাছে কী কী বই রয়েছে এবং ই-বুক ও অডিও বুক-এর জন্য কীভাবে সরা (Sora) ব্যবহার করতে পারবেন, সেসব জানার জন্য আপনি স্টাই লাইব্রেরি ক্যাটালগও দেখতে পারেন http://search.follettsoftware.com/metasearch/ui/3699 এই ওয়েবপেজ-এ।

স্টাইভেসান্ট-এর লাইব্রেরি  ডিপার্টমেন্ট বই ধার দেওয়ার জন্য প্রথাগত প্রক্রিয়ার চাইতেও বেশি করে। এটি একটি ব্যাপক বহু-ক্রিয়াশীল লাইব্রেরি যা প্রথাগত লাইব্রেরির সবগুলো বৈশিষ্ট ধরে রাখার পরেও উদ্ভাবনা ও আধুনিক ডিজিটাল যুগের সাথে তাল মিলিয়ে চলছে।

আপনাদের জন্য লাইব্রেরিয়ানগণ, মি বাউলিন (Mr. Bowlin), মি চ্যাং (Mr. Cheng), মিজ কেনেডি (Ms. Kennedy) এবং মিজ ম্যাকগ্রেগর (Ms. McGregor) একটি উপভোগ্য সামার (গ্রীষ্ম) কামনা করছে এবং সেপ্টম্বরে আমাদের দেখা হবে বলে প্রত্যাশা করছেন।

*এলিজাবেথ ফং (Elizabeth Fong)/অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল, লাইব্রেরি, হেলথ্ অ্যান্ড ফিজিক্স*
*efong@schools.nyc.gov*